রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**রাষ্ট্রপতির কার্যালয়**
**জন বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ/১৪ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নং ১০-আইন/২০১৯।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—(১) এই বিধিমালা রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ) এর কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ রাষ্ট্রপতি বা সরকার অথবা ক্ষেত্রমত, রাষ্ট্রপতি বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;


মূল্য : টাকা ১৬.০০

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average; এবং

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, বাছাই বা নির্বাচন কমিটি, লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে, সুপারিশ প্রণয়ন করিবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৩-১৬ এর কোনো পদ হইতে গ্রেড ১০-১২ এর কোনো পদে এবং গ্রেড ১০-১২ এর কোনো পদ হইতে গ্রেড ৯ বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশ**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্তরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সংশ্লিষ্ট শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, তাহার চাকরি স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন বা প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব পদে নিয়োগের বিধান।**—(১) বিধি ৪ এ যাহা কিছুই থাকুক না কেন, তফসিলের ক্রমিক নং ১২ এর কলাম (২) এ উল্লিখিত রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব পদে রাষ্ট্রপতির অভিপ্রায় অনুযায়ী কোনো ব্যক্তিকে নিয়োগ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগকৃত ব্যক্তি, রাষ্ট্রপতির সন্তুষ্টি অনুযায়ী উক্ত পদে বহাল থাকিবেন, অথবা যে কোনো সময়ে রাষ্ট্রপতির আস্থা হারাইলে—

(ক) সরকারি কর্মকর্তার ক্ষেত্রে তিনি পূর্ববর্তী পদে ফেরত যাইবেন; এবং

(খ) বেসরকারি ব্যক্তির ক্ষেত্রে তাহার চাকরির অবসান ঘটিবে।

৮। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ) এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৬ রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন,—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) নিয়োগপ্রাপ্তদের নিয়োগ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(গ) গৃহীত বা সূচীত কোনো কার্য, এই বিধিমালা কার্যকর হইবার সময় অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল

[বিধি-২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | সচিব | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | সচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২. | প্রেস সচিব | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | প্রেস সচিব পদের সমমর্যাদা ও অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩. | যুগ্মসচিব/মহাপরিচালক | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৪. | রাষ্ট্রপতির একান্ত সচিব | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | অন্যূন উপসচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৫. | উপসচিব | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | উপসচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৬. | সিস্টেম এনালিষ্ট | অনূর্ধ্ব ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে, তবে পদোন্নতি বা প্রেষণে বদলীযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** প্রোগ্রামার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে :** প্রোগ্রামিং কাজের সহিত সংশ্লিষ্ট সমপর্যায়ের সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে অন্যূন স্নাতকোত্তর বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে প্রোগ্রামার বা সহকারী সিস্টেম এনালিষ্ট হিসাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা, তবে |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারীগণের ক্ষেত্রে ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(গ) কোন স্বীকৃত পেশাজীবী কম্পিউটার সোসাইটি বা সমিতির সহযোগী সদস্য; এবং<br>(ঘ) সিস্টেমস্ এনালিস্টে স্বীকৃত দক্ষতা। |
| ৭. | উপ-প্রেস সচিব | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | বিসিএস (তথ্য সাধারণ) ক্যাডারের সমপর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে |
| ৮. | প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে, এবং পদোন্নতি বা প্রেষণে বদলীযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী প্রোগ্রামার বা সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>প্রোগ্রামিং কাজের সহিত সংশ্লিষ্ট সমপর্যায়ের সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে অন্যূন স্নাতকোত্তর বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার বা সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার হিসাবে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা, তবে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিধারীগণের ক্ষেত্রে ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(গ) কোন স্বীকৃত পেশাজীবী কম্পিউটার সোসাইটি বা সমিতির সহযোগী সদস্য। |
| ৯. | সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | সহকারী সচিব বা সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১০. | সচিবের একান্ত সচিব | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | সহকারী সচিব বা সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১১. | সহকারী প্রেস সচিব | -- | প্রেষণে বদলীর মাধ্যমে | বিসিএস (তথ্য সাধারণ) ক্যাডারের সমপর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১২. | রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব | -- | (ক) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ মহামান্য রাষ্ট্রপতির অভিপ্রায় অনুযায়ী; এবং<br>(খ) মোট পদের শতকরা ৫০ ভাগ পদ প্রেষণে বদলির মাধ্যমে | **মহামান্য রাষ্ট্রপতির অভিপ্রায় অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে :** বিধি ৭ এর বিধান অনুযায়ী।<br>**প্রেষণের ক্ষেত্রে :**<br>সমপর্যায়ের কোনো সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৩. | হিসাব রক্ষণ কর্মকর্তা | -- | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**প্রেষণের ক্ষেত্রে :**<br>হিসাব রক্ষণ সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন সমপর্যায়ের সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪. | সহকারী প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি বা অন্যূন স্নাতক ডিগ্রিসহ ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>(খ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ; এবং<br>(গ) COBOL, FORTRAN, BASIC বা সমমানের প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজে প্রশিক্ষণপ্রাপ্ত।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে অন্যূন স্নাতকোত্তর বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ। |
| ১৫. | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | অনূর্ধ্ব ৩০বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ। |
| ১৬. | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৭৫ ভাগ পদোন্নতির মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) মোট পদের শতকরা ২৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী। |
| ১৭. | ব্যক্তিগত কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসর বা টেলেক্স-কাম-ফ্যাক্স অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী। |
| ১৮. | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাব রক্ষক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারের মাধ্যমে হিসাব সংক্রান্ত কাজের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯. | সহকারী লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** ক্যাটালগার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি বা কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ স্নাতকোত্তর ডিগ্রি। |
| ২০. | কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ। |
| ২১. | ক্যাটালগার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২২. | হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** ক্যাশিয়ার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটারের মাধ্যমে হিসাব সংক্রান্ত কাজের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৩. | সাট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী। | | |
| ২৪। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারের মাধ্যমে হিসাব সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ২৫। | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ২৬। | টেলেক্স কাম ফ্যাক্স অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ)ফ্যাক্স মেশিন চালানায় অভিজ্ঞতাসম্পন্ন।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) টেলেক্স কাম ফ্যাক্স অপারেটর এর কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৭। | ডাটা এন্ট্রি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ। |
| ২৮। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত বয়সসীমা শিথিলযোগ্য। | (ক) মোট পদের শতকরা ৩০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা ৭০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ক্যাশ সরকার পদে অন্যূন ৩ (তিন) বৎসর বা ফটোকপি অপারেটর বা ডেসপাচ রাইডার পদে অন্যূন ৪ (চার) বৎসর বা বার্তা বাহক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ৬ (ছয়) বৎসর বা ফটোকপি অপারেটর, ডেসপাচ রাইডার ও অফিস সহায়ক পদে যুগপৎভাবে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী। |
| ২৯। | ক্যাশ সরকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>বার্তা বাহক পদে অন্যূন ৪ (চার) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০। | ফটোকপি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) বার্তা বাহক পদে অন্যূন ২ (দুই) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় অভিজ্ঞতা। |
| ৩১। | ডেসপাচ রাইডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) বার্তা বাহক পদে ন্যূনতম ২ (দুই) বৎসর বা অফিস সহায়ক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি; এবং<br>(খ) মোটর সাইকেল চালনার ড্রাইভিং লাইসেন্সসহ অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মোটর সাইকেল চালনার ড্রাইভিং লাইসেন্সসহ অভিজ্ঞতা। |
| ৩২। | বার্তা বাহক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) মোটর সাইকেল চালনার ড্রাইভিং লাইসেন্সসহ অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মোটর সাইকেল চালনার ড্রাইভিং লাইসেন্সসহ অভিজ্ঞতা। |
| ৩৩। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
**সম্পদ বড়ুয়া**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd